ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

(Rajshahi University of Engineering & Technology)

Website for Application: www.ruet.ac.bd/admission

RUET

স্নাতক কোর্সে ভর্তি নির্দেশিকা

শিক্ষাবর্ষ ঃ ২০১৯-২০২০

RUET Website: www.ruet.ac.bd

ভর্তি সংক্রান্ত নিয়মাবলী

১। উপক্রমনিকা ঃ

আগামী ২৪ অক্টোবর, ২০১৯ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার অনুষ্ঠিতব্য ভর্তি পরীক্ষায় প্রার্থীর প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রস্তুতকৃত মেধা ও স্বাস্থ্য পরীক্ষার ভিত্তিতে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে স্নাতক কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে।

২। আসন সংখ্যা ঃ

নিম্নবর্ণিত ছকে প্রদর্শিত ৩টি অনুষদের ১৪টি বিভাগের আসন সংখ্যা অনুযায়ী মোট ১২৩৫ জন (৫টি সংরক্ষিত আসনসহ) ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে।

পুরকৌশল অনুষদ				তড়িৎ ও কম্পিউটার কৌশল অনুষদ				যন্ত্রকৌশল অনুষদ						সংরক্ষিত	মোট
CE	URP	ARCH	BECM	EEE	CSE	ETE	ECE	ME	IPE	GCE	MTE	CFPE	MSE		
১৮০	৬০	৩০	৩০	১৮০	১৮০	৬০	৬০	১৮০	৬০	৬০	৬০	৩০	৬০	৫	১২৩৫

নিম্নে ১৪ (চৌদ্দ) টি বিভাগের কোডের ব্যাখ্যা দেয়া হলো ঃ

Code	Department
CE	Civil Engineering
URP	Urban & Regional Planning
ARCH	Architecture
BECM	Building Engineering & Construction Management
EEE	Electrical & Electronic Engineering
CSE	Computer Science & Engineering
ETE	Electronics & Telecommunication Engineering
ECE	Electrical & Computer Engineering
ME	Mechanical Engineering
IPE	Industrial & Production Engineering
GCE	Glass & Ceramic Engineering
MTE	Mechatronics Engineering
CFPE	Chemical & Food Process Engineering
MSE	Material Science & Engineering

৩। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের যোগ্যতা ঃ

ক) প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ) প্রার্থীকে ২০১৬ বা তৎপরবর্তী সালের এসএসসি অথবা সমমানের পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৪.০ পেয়ে পাশ হতে হবে।

গ) প্রার্থীকে ২০১৯ সালের এইচএসসি অথবা সমমানের পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজী -

এই চার বিষয়ে মোট গ্রেড পয়েন্ট কমপক্ষে ১৮.৫ এবং উল্লেখিত বিষয়গুলোর মধ্যে গণিত, পদার্থবিদ্যা ও রসায়নে পৃথকভাবে প্রত্যেক বিষয়ে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৪.০ এবং ইংরেজীতে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৩.৫ পেয়ে পাশ হতে হবে।

ঘ) প্রার্থী GCE 'O' Level/সমমান এবং 'A' Level/সমমান পাশ করে থাকলে তার ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় আবেদনের জন্য GCE 'O' Level/সমমান পরীক্ষায় ৫ (পাঁচ) টি বিষয়ে কমপক্ষে **B গ্রেড** এবং নভেম্বর ২০১৮ সালের পরে GCE 'A' level/সমমান পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা ও রসায়নে কমপক্ষে **B গ্রেড** পেয়ে পাশ হতে হবে।

ঙ) কমপক্ষে ১২ শিক্ষাবর্ষ অধ্যয়নকাল থাকা সাপেক্ষে বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে ২০১৯ সালের এইচএসসি/সমমানের পরীক্ষায় ৩(গ) এ উল্লেখিত গ্রেড পয়েন্ট পেয়ে পাশ হতে হবে। লেটার গ্রেড এর ক্ষেত্রে গ্রেড-এর সমতুল্য মান (Numerical Value) সম্পর্কে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নকৃত সনদপত্র জমা দিতে হবে।

৪। অনলাইনে ভর্তির আবেদন প্রক্রিয়া ঃ

ক) রুয়েটে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের রুয়েট ওয়েবসাইটের (www.ruet.ac.bd/admission) মাধ্যমে অনলাইনে প্রয়োজনীয় তথ্যাদিসহ আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের জন্য নিম্নলিখিত তথ্যাদির প্রয়োজন হবে।

- SSC/ সমমান এবং HSC/ সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাশের সন, শিক্ষা বোর্ড।
- JPG Format এ সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (Studio Quality, Height-575 to 625 pixel, Width-415 to 475 pixel, Size- Less than 100 KB)।

খ) অনলাইনে আবেদনপত্র জমা দেওয়ার পর আবেদন ফি পরিশোধের জন্য প্রত্যেক আবেদনকারী একটি Bill Number পাবে। উক্ত Bill Number এর বিপরীতে ডাচ-বাংলা ব্যাংকের রকেট সার্ভিসের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফি পরিশোধ করতে হবে। উল্লেখ্য যে, আবেদন ফি পরিশোধ না করা পর্যন্ত আবেদনপত্র অপেক্ষমান (Pending) থাকবে। প্রাপ্ত Bill Number ব্যবহার করে ডাচ-বাংলা ব্যাংকের রকেট সার্ভিসের মাধ্যমে সর্বমোট ফি নিম্নলিখিত পদ্ধতিতে প্রদান করার মাধ্যমে আবেদন নিশ্চিত (Confirm) করতে হবে যা ওয়েবসাইটে Login করতঃ দেখা যাবে। সংশ্লিষ্ট ফি প্রদান ব্যতীত আবেদন সম্পন্ন হবে না। ডাচ-বাংলা ব্যাংকের রকেট সার্ভিসের মাধ্যমে ফি প্রদান পদ্ধতি নিম্নরূপ ঃ

- Step-1: ডায়াল *322#।
- Step-2: "1. Bill Pay" অপশন সিলেক্ট করতে হবে।
- Step-3: "1. Self" অপশন সিলেক্ট করতে হবে। (নিজ একাউন্টের ক্ষেত্রে প্রযোজ্য)

অথবা

- Step-3(a): "2. Other" অপশন সিলেক্ট করতে হবে। (নিজ একাউন্ট ব্যতীত অন্য একাউন্টের ক্ষেত্রে প্রযোজ্য)
- Step-3(b): "Enter Payer Mobile No" এর স্থলে নিজের Mobile No টাইপ করতে হবে।
- Step-4: "0. Other" অপশন সিলেক্ট করতে হবে।
- Step-5: Enter Biller ID. এর স্থলে '2555' টাইপ করতে হবে।
- Step-6: Enter Bill Number এর স্থলে অবশ্যই ওয়েবসাইট থেকে প্রাপ্ত নিজ Bill Number টি প্রদান করতে হবে।
- Step-7: Enter Amount এর স্থলে সর্বমোট ফি (ক গ্রুপ- ৯০০/- টাকা এবং খ গ্রুপ- ১১০০/- টাকা) এর পরিমাণ দিতে হবে।
- Step-8: Enter PIN এর স্থলে Customer এর ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং Account এর PIN নম্বর দিতে হবে।
- Step-9: রকেট কর্তৃক Payment Confirmation SMS আসবে। এই SMS থেকে Transaction ID (TxnID) সংরক্ষণ করতে হবে।

এরপর রুয়েটের Admission Website এ Login পূর্বক আবেদনকারী Application Complete Status দেখতে পাবে।

গ) সকল আবেদনপত্র যথাযথ প্রক্রিয়ায় নিরীক্ষণ পূর্বক ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণকারী ছাত্র-ছাত্রীদের চূড়ান্ত তালিকা প্রস্তুত করা হবে। প্রত্যেক আবেদনকারী তার আবেদনের ফলাফল অর্থাৎ সে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের যোগ্য কি না তা রুয়েট ওয়েবসাইটে (www.ruet.ac.bd/admission) Login পূর্বক দেখতে পারবে।

ঘ) যোগ্য প্রার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের প্রবেশপত্র রুয়েট ওয়েবসাইট থেকে নির্দিষ্ট সময়ের মধ্যে Download করতে হবে এবং ডাইনলোডকৃত দুই কপি প্রবেশ পত্র অবশ্যই ভর্তি পরীক্ষার হলে নিয়ে আসতে হবে।

ঙ) **GCE এবং বিদেশি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের আবেদন প্রক্রিয়া ঃ**

GCE 'O'/সমমানের ও 'A' Level/সমমানের এবং বিদেশি শিক্ষা প্রতিষ্ঠান থেকে পাশ করা ছাত্র-ছাত্রীরাও অনলাইনে আবেদন করবে। এক্ষেত্রে তাদেরকে Online Application Page এর 'A/O Level Candidate' Tab Select করতে হবে। এরপর ৪(খ) নং এ বর্ণিত পদ্ধতি অনুযায়ী প্রাপ্ত Bill Number এর বিপরীতে নির্ধারিত ভর্তি ফি পরিশোধ করতে হবে। এছাড়া তাদেরকে বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট থেকে 'GCE Application Form' Download করে পূরণ করতঃ 'O'/সমমানের ও 'A' Level/সমমানের পরীক্ষার সার্টিফিকেট এবং নম্বরপত্রের সত্যায়িত কপিসহ রেজিস্ট্রার, রুয়েট, রাজশাহী-৬২০৪ বরাবর **২৫ সেপ্টেম্বর ২০১৯ খ্রি. তারিখ বিকাল ৫.০০ টার** মধ্যে পৌঁছাতে হবে। উল্লেখ্য যে, খামের উপর অবশ্যই ভর্তি পরীক্ষা ২০১৯-২০২০ অথবা Admission Test 2019-2020 লিখতে হবে।

৫। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ ঃ

ক) সকল বৈধ আবেদনকারীদের মধ্য থেকে HSC পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজী- এই চার বিষয়ে প্রাপ্ত মোট গ্রেড পয়েন্টের ভিত্তিতে একটি তালিকা তৈরী করা হবে। এ তালিকা থেকে প্রথম ৯,০০০ (নয় হাজার) জন প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ দেয়া হবে। ৯,০০০ তম প্রার্থী নির্ধারনের জন্য উল্লেখিত ৪টি বিষয়ে প্রাপ্ত গ্রেডের ভিত্তিতে ৯,০০০তম প্রার্থীদের মধ্যে যথাক্রমে উচ্চ মাধ্যমিক (এইচএসসি) পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজী বিষয়ে প্রাপ্ত গ্রেডকে অগ্রাধিকারের ক্রম হিসাবে বিবেচনা করা

হবে। সকল আবেদনপত্র যথাযথ প্রক্রিয়ায় নিরীক্ষণ পূর্বক ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রস্তুত করা হবে। প্রত্যেক আবেদনকারী তার স্ট্যাটাস রুয়েট ওয়েবসাইটে (www.ruet.ac.bd/admission) Login করে দেখতে পারবে।

খ) ভর্তি পরীক্ষার দিন প্রার্থীর **HSC/সমমানের পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড, রেজিস্ট্রেশন কার্ড এর ফটোকপি ও ডাউনলোডকৃত প্রবেশপত্র (দুই কপি) অবশ্যই সঙ্গে আনতে হবে।** এ ছাড়াও সংরক্ষিত আসনের প্রার্থীদেরকে ভর্তি পরীক্ষার দিন হল পরিদর্শকের নিকট উপজাতি/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠীর গোত্রের মোড়ল/হেডম্যান/গোত্র প্রধান কর্তৃক প্রদত্ত সনদের মূলকপি প্রদর্শন পূর্বক সত্যায়িত ফটোকপি অবশ্যই জমা দিতে হবে, অন্যথায় ভর্তির প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

৬। ভর্তি পরীক্ষার বিষয়সমূহ, নির্ধারিত নম্বর ও পরীক্ষা বিষয়ক নির্দেশাবলী ঃ

২০১৯ সালের এইচএসসি পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজী (Functional)-এর পাঠ্যসূচীর ভিত্তিতে 'ক' ও 'খ' (KA & KHA) গ্রপের এর জন্য ৩৫০ নম্বরের সম্পূর্ণ লিখিত পরীক্ষা এবং 'খ' (KHA)-গ্রুপ এর জন্য পৃথকভাবে অতিরিক্ত ১০০ নম্বরের মুক্তহস্ত অংকন পরীক্ষা অনুষ্ঠিত হবে। কোন বিষয়ে MCQ Type প্রশ্ন থাকবে না।

উল্লেখিত বিষয় সমূহের নম্বর বন্টন নিম্নরূপ ঃ

গ্রুপ	বিষয় সমূহ	নম্বর
ক+খ	গণিত	১০০
	পদার্থবিদ্যা	১০০
	রসায়ন	১০০
	ইংরেজী (Functional)	৫০
	সর্বমোট নম্বর	৩৫০
খ	মুক্তহস্ত অংকন **(আর্কিটেকচার বিভাগে ভর্তিচ্ছু প্রার্থীদের জন্য)**	১০০
	খ গ্রুপের পরীক্ষার সর্বমোট নম্বর	৪৫০

৭। পরীক্ষার্থীদের জন্য সাধারণ নির্দেশাবলী ঃ

ক) পরীক্ষার কক্ষে ক্যালকুলেটর ছাড়া অন্য কোন ইলেকট্রনিক ডিভাইস (যেমন কম্পিউটার/ট্যাব/আইপ্যাড, মোবাইল ফোন এবং নেটওয়ার্ক এর সহিত যুক্ত হতে সক্ষম সকল ইলেকট্রনিক ডিভাইস) আনা নিষিদ্ধ।

খ) পরীক্ষার হলে অসদুপায় অবলম্বন বা কারো সাথে দুর্ব্যবহার করলে পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

গ) পরীক্ষা শুরুর ৩০ মিনিট পরে পরীক্ষার্থী হলে প্রবেশ করতে পারবে না এবং পরীক্ষা শুরু হওয়ার পর ১ ঘন্টা অতিবাহিত না হলে পরীক্ষার কক্ষ ত্যাগ করতে পারবে না।

৮। ভর্তির জন্য প্রার্থী নির্বাচন প্রক্রিয়া ঃ

ক) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রস্তুতকৃত মেধা তালিকা থেকে প্রথম ১২৩০ (এক হাজার দুইশত তিরিশ) জনকে ও সংরক্ষিত আসনে ভর্তির জন্য সুযোগ প্রাপ্ত ৫(পাঁচ) জনকে বিশ্ববিদ্যালয়ের চিকিৎসক দ্বারা স্বাস্থ্য পরীক্ষায় উপযুক্ততা সাপেক্ষে বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য নির্বাচিত করা হবে।

খ) একাধিক প্রার্থী ভর্তি পরীক্ষায় একই নম্বর পেলে সেক্ষেত্রে ভর্তি পরীক্ষায় যথাক্রমে গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজী বিষয়ে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের মেধাস্থান নির্ধারণ করা হবে।

৯। ভর্তি সংশ্লিষ্ট তারিখ ও সময়সূচী ঃ

ক) অনলাইনে ভর্তির আবেদনের সময়সূচী	**০৮ সেপ্টেম্বর ২০১৯ খ্রি. হতে ২৫ সেপ্টেম্বর ২০১৯ খ্রি. তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত।**
খ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ	**০২ অক্টোবর ২০১৯ খ্রি.।**
গ) ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করার তারিখ	**১২ অক্টোবর ২০১৯ খ্রি. হতে শুরু।**
ঘ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময়	i) KA গ্রুপ প্রার্থীর জন্য ২৪ অক্টোবর, ২০১৯ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ৯:০০ ঘটিকা হতে সকাল ১১:০০ ঘটিকা পর্যন্ত। ii) KHA গ্রুপ প্রার্থীর জন্য ২৪ অক্টোবর, ২০১৯ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ৯:০০ ঘটিকা হতে দুপুর ১২:১০ ঘটিকা পর্যন্ত।
ঙ) ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ	**০৪ নভেম্বর, ২০১৯ খ্রি.।**

১০। বিভাগ নির্বাচন ঃ

ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের ভর্তির প্রাক্কালে মূল সনদপত্র ও গ্রেডশীট-এর সত্যতা যাচাইয়ের সময় তাদের বিভাগের পছন্দক্রম নির্ধারিত ফরমে সংগ্রহ করা হবে। মেধা ও পছন্দের ক্রম অনুসারে বিভাগ নির্ধারণ করা হবে।

১১। ভর্তির নিয়ম ঃ

ক) ভর্তির জন্য নির্বাচিত ছাত্র/ছাত্রীদের নিম্নবর্ণিত সনদপত্রাদি সত্যতা যাচাইয়ের জন্য ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত তারিখে নির্দিষ্ট কমিটির নিকট দাখিল করতে হবে।

১) এইচএসসি বা সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড-এর মূল কপি (ফেরতযোগ্য)।
২) এইচএসসি বা সমমান পরীক্ষার গ্রেড শীট এর মূল কপি।
৩) এইচএসসি বা সমমান পরীক্ষা পাশের শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের মূল কপি।
৪) এসএসসি বা সমমান পরীক্ষা পাশের মূল/সাময়িক সনদপত্র।
৫) এসএসসি বা সমমান পরীক্ষার গ্রেড শীট -এর মূল কপি।
৬) নির্বাচিত প্রার্থী অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়ে থাকলে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের ভর্তি বাতিলের প্রমাণপত্র।
৭) সংরক্ষিত আসনের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত উপজাতি/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠীর আবেদনকারীদেরকে তাদের উপজাতি/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠীত্বের প্রমাণস্বরূপ নিম্নোক্ত দলিলাদি জমা দিতে হবে।

- স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট।
- উপজাতি/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠীর গোত্রের মোড়ল/হেডম্যান/গোত্র প্রধান কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট স্থানীয় থানা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক কর্তৃক সত্যায়িত হতে হবে।

খ) সনদপত্রের সত্যতা যাচাইয়ের পর বিশ্ববিদ্যালয়ের চিকিৎসক ছাত্র/ছাত্রীর স্বাস্থ্য পরীক্ষা করবেন।

গ) স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য প্রমাণিত হলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় ফি জমা দিয়ে ভর্তি হতে হবে। উল্লেখ্য যে, ভর্তির সময় গ্রেডশীট, সনদপত্রসমূহ অবশ্যই এক বছরের জন্য জমা দিতে হবে। কেবল ভর্তি বাতিল করা সাপেক্ষেই এক বছর উত্তীর্ণ

হওয়ার পূর্বে উক্ত সনদপত্রাদি ফেরতযোগ্য।

১২। স্বাস্থ্য পরীক্ষা ঃ

বিশ্ববিদ্যালয়ের চিকিৎসক ভর্তির জন্য নির্বাচিত সকল প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা করবেন। পরীক্ষায় যদি হৃদরোগ, তোতলামি, দৃষ্টি কিংবা শ্রবণশক্তির ত্রুটি অথবা কোন প্রকারের শারিরীক বা মানসিক অক্ষমতা ধরা পড়ে, যার ফলে বিশ্ববিদ্যালয়ে অথবা প্রকৌশল পেশায় সাধারণ কার্যনির্বাহে প্রার্থীর পক্ষে অসুবিধা হতে পারে বলে সংশ্লিষ্ট ভর্তি কমিটি মনে করেন তাহলে তাকে ভর্তির অনুপযুক্ত বলে গণ্য করা হবে। তবে দৃষ্টি শক্তির ত্রুটি ৭ (সাত) দিনের মধ্যে পুনঃ পরীক্ষা করা যেতে পারে। অন্যান্য সাময়িক অনুপযুক্ততা যথা- হাইড্রোসিল, হারনিয়া ইত্যাদি এক মাসের মধ্যে পুনঃ পরীক্ষার জন্য বিবেচিত হতে পারে।

১৩। আসন সংরক্ষণ ঃ

বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত ছক অনুযায়ী চট্টগ্রাম বিভাগের পার্বত্য জেলাসমূহ ও অন্যান্য এলাকার উপজাতি/ক্ষুদ্র জাতিসত্বা/নৃ-গোষ্ঠী এবং বান্দরবান জেলার প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে। সংরক্ষিত আসনে প্রার্থীদের ভর্তি পরীক্ষার জন্য অনুচ্ছেদ-৩ এ বর্ণিত ন্যূনতম যোগ্যতা থাকতে হবে।

পার্বত্য জেলাসমূহ ও অন্যান্য এলাকার উপজাতি	বান্দরবান জেলা	মোট সংরক্ষিত আসন সংখ্যা
৪	১	৫

১৪। ছাত্রাবাসের আসন ঃ

বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের ৬টি এবং ছাত্রীদের ১টি আবাসিক হল আছে। তবে প্রথম ও দ্বিতীয় বর্ষের ছাত্র/ছাত্রীদের হলে আসন পাওয়ার সম্ভাবনা কম। সেক্ষেত্রে তাদেরকে নিজ দায়িত্বে বিশ্ববিদ্যালয়ের বাইরে থাকার ব্যবস্থা করতে হবে।

বিশেষ দ্রষ্টব্য ঃ

যান্ত্রিক/ডাক বিভ্রাটের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন ক্রমেই দায়ী থাকবে না। বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক, কর্মকর্তা বা অন্য কোন ব্যক্তির দ্বারা ভর্তি প্রক্রিয়াকে প্রভাবিত করার প্রচেষ্টা প্রার্থীকে অযোগ্য প্রতিপন্ন করবে।

ভর্তি সংক্রান্ত যে কোন ব্যাপারে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

সভাপতি
ভর্তি কমিটি ২০১৯-২০
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
রাজশাহী - ৬২০৪।

বিশেষ দৃষ্টি আকর্ষণ

১। কোন অবস্থাতেই বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বিবেচনা করা হবে না।

২। ভর্তি এবং ক্লাশ আরম্ভ হওয়া সংক্রান্ত সকল বিজ্ঞপ্তি ছাত্র/ছাত্রীবৃন্দ নিজ দায়িত্বে বিশ্ববিদ্যালয়-এর নোটিশ বোর্ড অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.ruet.ac.bd) থেকে জেনে নেবে।

৩। ভর্তির জন্য নির্বাচিত কোন প্রার্থী নির্ধারিত তারিখে ভর্তি না হলে তার ভর্তির যোগ্যতা বাতিল হবে।

৪। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক অধ্যাদেশ অনুযায়ী ১ম বর্ষে ভর্তি হওয়া কোন ছাত্র/ছাত্রী ক্লাশ শুরু হওয়ার পর একাধিক্রমে দুই সপ্তাহ অনুপস্থিত থাকলে তার ভর্তি বাতিল হয়ে যাবে।

৫। ভর্তি পরীক্ষা সংক্রান্ত কোন তথ্য জানার জন্য সকাল ৯:০০ টা হতে রাত ৮:৩০ টা পর্যন্ত সময় কালে নিম্নের যে কোন মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে ঃ

(১) মোবাইল নম্বরঃ ০১৭৮০-৩২৭২৫০, (২) মোবাইল নম্বরঃ ০১৭৮০-৩২৭৩৫০

প্রফেসর ড. মোঃ সেলিম হোসেন
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
রাজশাহী-৬২০৪।